# হিরো আলম ২০০ টাকার মুচলেকায় জামিনে মুক্ত


সংগৃহীত ছবি

হাতিরঝিল থানায় সাবেক স্ত্রী রিয়া মনির করা হত্যাচেষ্টা ও মারধরের মামলায় কনটেন্ট ক্রিয়েটর আশরাফুল আলম ওরফে হিরো আলম শনিবার জামিন পেয়েছেন। বিকেল ৪টায় ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত তার জামিন অনুমোদন করেন।

পুলিশ তাকে থানা থেকে আদালতে হাজির করে হাজতখানায় রাখে এবং নিরাপত্তার মধ্য দিয়ে ৯ তলার এজলাসে তোলা হয়। হিরো আলমের আইনজীবী শান্তা সাছসিনা ও রিপনসহ আরও অনেকে জামিনের পক্ষে শুনানি করেন। বাদীপক্ষ জামিনের বিরোধিতা করলে আদালত ২০০ টাকার মুচলেকায় আবেদন মঞ্জুর করেন।

এর আগে রাজধানীর নিজ বাসা থেকে তাকে পুলিশ গ্রেপ্তার করে। ১২ নভেম্বর আদালত তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছিলেন।

মামলায় বলা হয়েছে, হিরো আলম ও রিয়া মনির মধ্যে মনোমালিন্য দেখা দেয়। হিরো আলম তাকে তালাক দিয়ে বাসা থেকে বের করেন। ২১ জুন মীমাংসার জন্য ডাকা হলে হিরো আলম ও ১০-১২ অজ্ঞাতপরিচয় ব্যক্তি বাদী ও তার পরিবারকে গালাগালি ও কাঠের লাঠি দিয়ে মারধর করেন। এতে বাদী জখম হন এবং তার দেড় ভরি সোনার চেইন চুরি হয়।

LENS ASIA